

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৫  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)


নম্বর : ১০.০০.০০০০.১২৯.২৩.০০৫.১৯.৫৬৩

তারিখ : ১০ বৈশাখ ১৪৩৩  
২৩ এপ্রিল ২০২৬

বিষয় : 'জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৬' এর উদ্বোধনী অনুষ্ঠানে আইন ও বিচার বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ-কে বাধ্যতামূলক উপস্থিতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীন বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর কর্তৃক আগামী ২৮ এপ্রিল ২০২৬ তারিখ রোজ মঙ্গলবার শাহবাগস্থ শহীদ আবু সাঈদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' উদযাপিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এমপি। দিবসটি উদযাপনের নিমিত্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের পক্ষ হতে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায় 'জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৬' এর উদ্বোধনী অনুষ্ঠান সুষ্ঠু ও সফলভাবে উদযাপনের লক্ষ্যে আইন ও বিচার বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ-কে আগামী ২৮ এপ্রিল ২০২৬ তারিখ সকাল ৮:৪৫ ঘটিকার মধ্যে বাধ্যতামূলকভাবে শাহবাগস্থ শহীদ আবু সাঈদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ সাইফুদ্দীন খান)  
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)  
section5@lawjusticediv.gov.bd  
ফোন: ০২-২২৩৩৫৭৪২০

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। কর্মচারী (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।